

Phone call between Prime Minister and H.E. Benjamin Netanyahu, Prime Minister of Israel

June 10, 2020

ভারতের প্রধানমন্ত্রী এবং ইজ্রায়েলের প্রধানমন্ত্রী মহামান্য বেঞ্জামিন নেতানায়াহুর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 10,2020

ভারতের প্রধানমন্ত্রী আজ ইজ্রায়েলের প্রধানমন্ত্রী মহামান্য বেঞ্জামিন নেতানায়াহুর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

তিনি প্রধানমন্ত্রী নেতানায়াহুর সাম্প্রতিক দায়িত্বভার গ্রহণের জন্য তার উষ্ণ অভিনন্দন পুনরায় ব্যক্ত করেছেন, এবং আশ্বা প্রকাশ করেছেন যে, প্রধানমন্ত্রী নেতানায়াহুর নেতৃত্বে এবং দিকনির্দেশে ভারত-ইজ্রায়েল অংশীদারিত্বের সমৃদ্ধির ধারা বজায় থাকবে।

প্রতিষেধক, চিকিৎসা এবং রোগ নির্ণয়ের ক্ষেত্রগুলিতে গবেষণা ও বিকাশের প্রচেষ্টা সহ কোভিড-19 প্রাসঙ্গিক সম্ভাবনা পূর্ণ ক্ষেত্রগুলিতে, যেখানে ভারত এবং ইজ্রায়েল তাদের সহযোগিতার ক্ষেত্রে বৃদ্ধি করতে পারে সেই বিষয় নিয়ে দুই নেতা আলোচনা করেছেন। তারা দুই দেশের মধ্যে জারি থাকা বিশেষজ্ঞ দলের আদানপ্রদানকে বজায় রাখার ক্ষেত্রে সহমত হয়েছেন এবং সম্মত হয়েছেন যে এই ধরনের সহযোগিতার ফল বৃহত্তর মানবিক স্বার্থে উপলব্ধ হওয়া উচিত।

নেতৃত্ব দ্বয় দ্বিপাক্ষিক আলোচ্য সূচির অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে পর্যালোচনা করেছেন, এবং সহমত হয়েছেন যে, কোভিড-19র পৃথিবী পারস্পরিক উপযোগী অংশীদারিত্বের আরো রাস্তা উন্মোচন করবে। বিশেষত, তাদের মূল্যায়ন এই যে, ইতিমধ্যেই ভারত-ইজ্রায়েল জোরালো সহযোগিতার ক্ষেত্রগুলি যেমন, স্বাস্থ্য প্রযুক্তি, কৃষি উদ্ভাবন, সামরিক- সহযোগিতা এবং তথ্য প্রযুক্তি ক্ষেত্রগুলি প্রসারিত হবার প্রচলিত সুযোগ রয়েছে।

উভয় নেতা সহমত হয়েছেন যে, এই সার্বিক চ্যালেঞ্জিং পরিস্থিতিতে উদ্ভূত সুযোগ এবং চ্যালেঞ্জ নিয়ে মূল্যায়ন এবং পরামর্শ করার জন্য দুই দেশ একে অপরের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখবে।

নিউ দিল্লি

জুন 10,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.